গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬১.১৮.০১৪.১৬-৫৯ তারিখ ঃ ০৭ ফেব্রুয়ারী, ২০১৭খ্রিঃ।

বিষয় ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের রোভারদের জন্য রোভার মেট কোর্স বাস্তবায়ন সম্পর্কিত।

সূত্র ঃ বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, কাকরাইল, ঢাক এর স্মারক নং-বা :স্কা :রো :অ :(প্রোগ্রাম/ক-৫৮২)/ ৬৯০(৩)/২০১৬, তারিখ ২৭ ডিসেম্বর, ২০১৬খ্রি :।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা হতে প্রাপ্ত (কপি সংযুক্ত) পত্রের ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ননা মোতাবেক

০৭/২/১৭

মনজুরুল কাদের
যুগ্মসচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরন
অধ্যক্ষ ঢাকা/ঢাকা মহিলা/ময়মনসিংহ/টাঙ্গাইল/ফরিদপুর/শরীয়তপুর/
গোপালগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ/কিশোরগঞ্জ/চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাক্ষ্মণবাড়ীয়া/
বিডি সুইডেন/কক্সবাজার/লক্ষ্মীপুর/চাঁদপুর/রাজশাহী/বগুড়া/নওগাঁ/
চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/খুলনা/খুলনা মহিলা/যশোর/কুষ্টিয়া/
ঝিনাইদহ/সাতক্ষীরা/বরিশাল/সিলেট/হবিগঞ্জএবং মৌলভীবাজার/
রংপুর/দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট/
বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

১-৪। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫ । সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। নথি।

E:\PIW All File\ALL DTE\Rover Scout\Andous.docx

Program/523


**বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল**
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☎ ৮৩১৭৯৭১, ফ্যাক্স: ৯৩৩০১৭৩, ওয়েব সাইট: www.roverscout.org
ই-মেইল: roverscoutbd@gmail.com, roverscoutbd@yahoo.com


পত্র নং-বা:স্কা:রো:অ:(প্রোগ্রাম/ক-৫৮২)/ ৬৯০(৩)/২০১৬ তারিখ: ২৭ ডিসেম্বর, ২০১৬

**মহাপরিচালক**
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের রোভারদের জন্য রোভার মেট কোর্স বাস্তবায়ন সম্পর্কিত।

মহোদয়,

স্কাউট আন্দোলনের প্রসার মূলত: স্কাউটিং কার্যক্রম তথা স্কাউট প্রোগ্রাম সঠিকভাবে ও সময়মত বাস্তবায়নের উপর নির্ভর করে। রোভার প্রোগ্রাম যাতে সুষ্ঠুভাবে ও সঠিক সময়ে বাস্তবায়িত হয় সেই লক্ষ্যে রোভার অঞ্চল জেলাসমূহের সহযোগিতায় প্রোগ্রাম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করে থাকে। রোভার প্রোগ্রাম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও রোভারিং সম্প্রসারণের লক্ষ্যে ২০১৬-২০১৭ সালের আঞ্চলিক প্রোগ্রাম ক্যালেন্ডারে শুধুমাত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের রোভার স্কাউটদের জন্য একটি রোভার মেট কোর্স অন্তর্ভুক্ত রয়েছে।

বর্ণিত রোভার মেট কোর্সটি বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের পরিচালনায় ও ব্যবস্থাপনায় আগামী ১৬-২০ ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর (ভীম বাজার), গাজীপুরে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রয়োজনে আপনার সুবিধাজনক তারিখে কোর্সটি বাস্তবায়ন করা যেতে পারে।

**কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী :**

১। প্রশিক্ষণার্থীকে অবশ্যই ১৬ ফেব্রুয়ারি, ২০১৭ (অথবা পরিবর্তিত তারিখের প্রথম দিন) বিকেল ৩.০০ টার মধ্যে কোর্স স্থলে উপস্থিত হয়ে জনপ্রতি ৪৫০.০০ টাকা কোর্স ফি ও ১টি খাতার মূল্য বাবদ ৪০.০০ টাকাসহ মোট ৪৯০.০০ (চারশত নব্বই) টাকা হারে নগদ জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে।

২। প্রশিক্ষণার্থীদের নাম আগামী ২০ জানুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে রোভার অঞ্চলে প্রেরণ করতে হবে।

৩। প্রশিক্ষণার্থীকে তাঁবুতে থাকতে হবে এবং উপদল ভিত্তিক নিজেদেরকে রান্না করে খেতে হবে। কোর্সটি আবাসিক বিধায় প্রশিক্ষণার্থীদের সার্বক্ষণিকভাবে কোর্স এলাকায় অবস্থান করতে হবে।

৪। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে স্কাউট পোশাক, সময়োপযোগী বিছানাপত্র, ব্যক্তিগত ব্যবহার্য কাপড়-চোপড় ও দ্রব্যাদি, মাই প্রোগ্রেস, পিটি স্যু, কলম, পেন্সিল, ইরেজার, আধা দিস্তা সাদা কাগজ, একটি ক্লিপ বোর্ড, জ্যামিতি বক্স, খাওয়ার প্লেট, গ্লাস/মগ, ১২ ফুট লম্বা ও কোয়ার্টার ইঞ্চি মোটা একখন্ড পাটের দড়ি আবশ্যিকভাবে সাথে আনতে হবে।

৫। কোর্স ফি ও যাতায়াত খরচ নিজ নিজ রোভার স্কাউট তহবিল থেকে বহন করা যাবে।

উপরিউক্ত অবস্থার প্রেক্ষিতে, বর্ণিত কোর্স বাস্তবায়নের লক্ষ্যে সংযুক্ত কোটা অনুযায়ী **আপনার অধিদপ্তর থেকে একটি সার্কুলার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানাই।** উল্লেখ্য যে, কারিগরি মেট কোর্সের রেজিস্ট্রেশন ফি, প্রকৃত যাতায়াত ও আনুসঙ্গিক খরচ সংশ্লিষ্ট রোভার স্কাউট ইউনিটের তহবিল থেকে বহন করা যাবে।

**যাতায়াত ব্যবস্থা :** সায়েদাবাদ বাসস্ট্যান্ড থেকে গাজীপুরগামী বাসে করে গাজীপুর চৌরাস্তায় নেমে ময়মনসিংহ রোডে টেম্পু অথবা সি.এন.জি.যোগে ৮ কি.মি. উত্তরে মাস্টারবাড়ী হয়ে বাহাদুরপুর (ভীমবাজার) রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়। তাছাড়া ঢাকা (টি এন্ড টি-ফুলবাড়িয়া) থেকে শ্রীপুর/বর্মী/কাপাসিয়াগামী বাসে পোড়াবাড়ীর পরে মাস্টারবাড়ী বাসস্ট্যান্ডে নেমে রিক্সায়/ভ্যানে প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়। সায়েদাবাদ বাসস্ট্যান্ড থেকে গাজীপুরগামী ভাওয়াল মির্জাপুরের বাসে সরাসরি প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়। এছাড়াও গাজীপুরগামী যে কোন বাসে করে গাজীপুর চৌরাস্তায় নেমে টেম্পু অথবা বেবীযোগে প্রশিক্ষণ কেন্দ্রে যাওয়া যায়।

**শ্রদ্ধান্তে,**

স্কাউট সেবায় নিয়োজিত

(এ কে এম সেলিম চৌধুরী)
সম্পাদক
বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল
০১৭১২০৭২১৫৭
selim_dshe@yahoo.com

অনুলিপি : জ্ঞাতার্থে
১। আঞ্চলিক উপ-কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল
২। আঞ্চলিক উপ-কমিশনার (আই.সি.টি. ও কারিগরি শিক্ষা), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল
৩। সহকারী পরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

Program/524


বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
৮৩১৭৯৭১, ফ্যাক্স: ৯৩৩০১৭৩, ওয়েব সাইট: www.roverscout.org
ই-মেইল: roverscoutbd@gmail.com, roverscoutbd@yahoo.com


## বরাদ্দকৃত কোটা

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | রোভার | গার্ল-ইন-রোভার | মোট |
|---|---|---|---|---|
| ০১. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট | ২ | ২ | ৪ |
| ০২. | ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট | ০ | ৩ | ২ |
| ০৩. | বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, ঢাকা | ১ | ০ | ১ |
| ০৪. | ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ২ | ৩ |
| ০৫. | টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ০৬. | ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ০৭. | শরীয়তপুর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ০৮. | গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ০৯. | নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১০. | মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১১. | কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১২. | চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১৩. | কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১৪. | ব্রাহ্মণবাড়ীয়া পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১৫. | বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনষ্টিটিউট, রাঙ্গামাটি | ১ | ০ | ১ |
| ১৬. | কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১৭. | লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১৮. | চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ১৯. | রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২০. | বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২১. | নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২২. | চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২৩. | সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২৪. | খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২৫. | খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট | ০ | ২ | ২ |
| ২৬. | যশোর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২৭. | কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২৮. | ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ২৯. | সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ৩০. | বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ১ | ২ |
| ৩১. | সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ৩২. | হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট | ১ | ১ | ২ |
| ৩৩. | মৌলভীবাজার পলিটেকনিক ইন্সটিটিউট | ১ | ০ | ১ |
| ৩৪. | রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| ৩৫. | দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট | ১ | ০ | ১ |
| | মোট | ৩৪ | ১১ | ৪৫ |

(এ কে এম সেলিম চৌধুরী)
সম্পাদক
বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল
০১৭১২০৭২১৫৭
selim_dshe@yahoo.com